দৈনিক সংবাদ

235

তারিখ ... ... APR. 1 9 2000 ...
পৃষ্ঠা ... কলাম ...

ব্যাপক নকলের প্রশ্রয় দেয়ার অভিযোগ

# টাঙ্গাইলের উচ্চ মাধ্যমিকের বাতিল করা ১০টি কেন্দ্র পুনর্বহালে প্রশাসনের ওপর চাপ সৃষ্টি

**টাঙ্গাইল থেকে নিজস্ব সংবাদদাতা ঃ** ব্যাপক নকলের আশ্রয়-প্রশ্রয় দেয়ার জন্য বাতিল করা টাঙ্গাইলের উচ্চ মাধ্যমিক পরীক্ষাকেন্দ্রসমূহ পুনর্বহালের দাবিতে জেলা প্রশাসনের উপর তীব্র চাপ সৃষ্টি করা হচ্ছে। প্রভাবশালী এমপিসহ ক্ষমতাসীন দলের নেতারা কেন্দ্র বাতিল করায় জেলা প্রশাসনের উপর ক্ষুব্ধ। এ নিয়ে উভয়পক্ষের মধ্যে শুরু হয়েছে তীব্র স্নায়ুযুদ্ধ। খবর সংশ্লিষ্ট সূত্রের।

জেলা প্রশাসনের রিপোর্টের ভিত্তিতে সম্প্রতি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা টাঙ্গাইল জেলার নকলবাজ হিসেবে চিহ্নিত ১০টি এইচএসসি পরীক্ষা কেন্দ্র বাতিল করেন। কেন্দ্রগুলো হলো ঃ এলেঙ্গা শামসুল হক কলেজ, আনেহলা মেজর জেনারেল মাহমুদুল হাসান কলেজ, ভায়েটা লায়ন নজরুল ইসলাম কলেজ, এলামিন মওলানা ভাসানি কলেজ, মুশিপুর হতেয়া কলেজ, ধনবাড়ি আসিয়া হাসান আলী মহিলা কলেজ, গোপালপুর কলেজ, ভুয়াপুর নিকরাইল শমশের ফকির কলেজ, নাগরপুর পাকুটিয়া কলেজ, কালিহাতি আলাউদ্দিন সিদ্দিকী কলেজ। বাতিল করা এসমস্ত পরীক্ষা কেন্দ্রের কয়েকটি দুর্গম স্থানের জন্য এবং কয়েকটিকে অপয়োজনীয় চিহ্নিত করা হয়। এ সমস্ত কেন্দ্রের বিরুদ্ধে বিগত পরীক্ষাসমূহে ব্যাপক নকলবাজির অভিযোগ রয়েছে। এসব কেন্দ্র বাতিল করার পর থেকেই জেলা প্রশাসনের উপর ক্ষমতাসীন দলের এমপিসহ নেতারা ব্যাপক চাপ সৃষ্টি করে চলেছেন যাতে এগুলো বাতিল করা না হয়।